

ইংলিশ মিডিয়ামের 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা কাল শুরু

যুগান্তর রিপোর্ট

আগামীকাল শুরু হচ্ছে ইংলিশ মিডিয়ামের 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সমমানের এ পরীক্ষায় বাংলাদেশের বিভিন্ন ইংরেজি মাধ্যমের স্থল ও কলেজের প্রায় সাত্বে হাজার শিক্ষার্থী অংশ নেবে। রাজধানী চকোর তেতি কেন্দ্রে নেয়া হবে পরীক্ষা। এগুলো হচ্ছে— ফুলার রোডের ব্রিটিশ কাউন্সিলের প্রবাসী কার্যালয়, বসুন্ধরা সিটি, বসুন্ধরা কনভেনশন সেন্টার, গুটিং কমপ্লেক্স এবং ম্যাগনাস স্কুল। দেশে চলমান রাজনৈতিক অস্থিতিশীল পরিস্থিতির কারণে পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকদের উদ্বেগ হয়ে পড়েছেন। গতায় চলাচলের বৈধী পরিবেশ সত্ত্বেও পরীক্ষা গ্রহণকারী আন্তর্জাতিক প্রতিষ্ঠান 'এড্বেঞ্জেল ইন্টারন্যাশনাল' নির্ধারিত সময়েই পরীক্ষা নেয়ার পক্ষে অনড় রয়েছে। বাংলাদেশে এড্বেঞ্জেলের পক্ষে তদারকি সংস্থা ব্রিটিশ কাউন্সিল ইতিমধ্যে পরীক্ষার্থীদের এসএমএসের মাধ্যমে পরীক্ষা অনুষ্ঠানের কথা জানিয়ে দিয়েছে।

এড্বেঞ্জেল সারাবিশ্বে ইংরেজি মাধ্যমের 'ও' এবং 'এ' লেভেল পর্যায়ের শিক্ষাদানে নিয়োজিত। এর কেন্দ্রীয় দফতর ইংল্যান্ডে অবস্থিত। বিভিন্ন দেশে ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে তারা গুরুত্বপূর্ণ কাজ পরিচালনা করে থাকে। সেমিষ্টার পরীক্ষিত প্রতিবছর দু'বার পরীক্ষা অনুষ্ঠিত হয়। সারাবিশ্বে একই সঙ্গে তারা পরীক্ষা নিয়ে থাকে। বাংলাদেশে এবারের পরীক্ষাকালে রাজনৈতিক বৈধী পরিবেশ এবং অরবোধের কথা এড্বেঞ্জেলকে ইতিমধ্যে জানিয়ে নেয়া হয়েছে। কিন্তু তা সত্ত্বেও প্রতিষ্ঠানটি মাধ্যমসময়েই পরীক্ষা নেয়ার ব্যাপারে দৃঢ়প্রতিজ্ঞ। ব্রিটিশ কাউন্সিলের সংশ্লিষ্ট সুর জানার, মাধ্যমগত কোলা সাত্বে ১১টা এবং বিকাল সাত্বে ৪টা পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। সমস্যা সৃষ্টি হলে প্রয়োজনে সাত্বে পরীক্ষা নেয়া হবে। কিন্তু পরীক্ষা পেছানোর কোন সুযোগ নেই। নাম প্রকাশে অনিচ্ছুক ব্রিটিশ কাউন্সিলের একজন কর্মকর্তা জানান, এ ব্যাপারে শিক্ষার্থী ও অভিভাবকদের দুশ্চিন্তার কোন কারণ নেই। পরীক্ষার সময় ও স্থান পরিবর্তন হলে আগেই তাদের জানিয়ে নেয়া হবে। কিন্তু এখন পর্যন্ত আগের সিডিউল অপরিবর্তিত রয়েছে। তবে কেউ পরীক্ষায় অংশ নিতে না পারলে সে পরামর্শিত তার নিজের।

ইংরেজি মাধ্যমের শিক্ষা ব্যবস্থা অনুযায়ী কোন শিক্ষার্থী পরীক্ষা দিতে না পারলে তাকে এক সেমিষ্টার বা ৬ মাস শিখিয়ে দেয়া হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীকে আবার রেজিস্ট্রেশন করতে হবে। আর এর জন্য তাকে অন্তিষ্ঠ ৭৫ হাজার টাকা ওনতে হবে। যুগান্তরে টেলিফোন করে অনেক শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা উদ্বেগের কথা জানিয়ে রাজনৈতিক দলগুলোকে পরীক্ষাকালে অরবোধ ও অরতাল কর্মসূচির বিরুদ্ধে তামুক বাধাও অনুরোধ জানিয়েছেন।